

ছিলেন।

শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি

নতুন নিয়োগকৃত ডিলারদের বিরুদ্ধে গম আত্মসাতের অভিযোগ

বেড়া (পাবনা) থেকে নিজস্ব স্ববন্দনদাতা ৪ বেড়া উপজেলার রূপপুর ও ঢালার চর ইউনিয়নে গত সরকারের আমলে শিক্ষার জন্য বাদ্য কর্মসূচির অধীনে নিয়োগপ্রাপ্ত ২ জনের ডিলারসিপ বাতিল করা হয়। এর ফলে নতুন নিয়োগকৃত ডিলারদের বিরুদ্ধে ২৯ মেট্রিক টন গম আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে।

অভিসারের দুটি আকর্ষণ করা হলে তিনি অভিযোগের সত্যতা সম্পর্কে অজ্ঞতা প্রকাশ করে বলেন, বিতরণের সময় শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সামনেই গম বিতরণ করা হয়েছে।

বিস্তৃত সূত্র থেকে জানা যায়, উল্লিখিত দুই ইউনিয়নের মোট ৩ হাজার ৬শ' ৭৪ জন ছাত্রছাত্রীর মধ্যে গত জুলাই-আগস্ট ও সেপ্টেম্বর এ তিন মাসের বাদ্য বিতরণের জন্য অনুষ্ঠানের শেষ সত্ত্বেও বেড়া খাদ্য ওদাম হতে ১শ' ১০ মেট্রিক টন গম উদ্বোধন করা হয়। এর মধ্যে ঢালার চর ইউনিয়নের ১ হাজার ৩শ' ৩৫ জন শিক্ষার্থীর জন্য ৪০.৫০ মেট্রিক টন ও রূপপুর ইউনিয়নে ২ হাজার ৩শ' ৩৯ জন শিক্ষার্থীর মধ্যে বিতরণের জন্য ৬৯.৯৫০ মে. টন গম উদ্বোধিত হয়।

গত ৬ এবং ৭ই ফেব্রুয়ারি উপজেলার কাজিরহাট ও বাধেরহাটে এ গম বিতরণ করা হয়।

কার্তব্যরী প্রতি শিক্ষার্থীকে ৩ মাসের পাওনা ৩০ কেজি করে গম দেয়ায় করা থাকলেও প্রত্যেককে ২১ থেকে ২২ কেজি করে গম দেয়া হয়।

সুবিধার্থে প্রতি ছাত্রছাত্রীকে ৮/৯ কেজি করে কম দিয়ে প্রায় ২ লাখ ৩২ হাজার টাকা মূল্যের মোট ২৯ মেট্রিক টন গম আত্মসাত করা হয় বলে অভিযোগ প্রকাশ।

এ ব্যাপারে বেড়া উপজেলা নির্বাহী